

ঢাকা ওয়াসা

- (১) দাশেরকান্দি পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (২) প্রস্তুতকৃত Specification.
- (৩) দর সংগ্রহের জন্য স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর প্রেরিত পত্রের স্মারক নং- ৪৬.১১৩.৬৩৭.০০.০০.১৪৭.২০২৫.৮১৬; তারিখঃ ১৬/০৪/২০২৫ইং।
- (৪) M/S. Ayesha Enterprise হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৫/০৫/২০২৫ইং।
- (৫) M/S. Al Hasib Engineering & Technology হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৬/০৫/২০২৫ইং।
- (৬) M/S. NASA TRADING হতে প্রাপ্ত পত্রের স্মারক নং- নাই; তারিখঃ ০৬/০৫/২০২৫ইং।
- (৭) প্রাপ্ত দরের ভিত্তিতে তৈরীকৃত তুলনামূলক বিবরণী।
- (৮) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ “Supply and Installation for Station Details Nameplate of DasherKandi STP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং -১ হতে ৮ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation এর সহিত চুক্তি অনুযায়ী ০১ বছর Operation and Maintenance কার্যক্রম শেষে গত ০১/০৭/২০২৩ইং তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটি দক্ষিণ এশিয়ার মধ্যে অন্যতম বৃহত্তম এবং বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বপ্রথম অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন পয়ঃশোধনাগার। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম সর্বাধুনিক প্রযুক্তি ও উন্নত মেশিনারিজ দ্বারা পরিচালিত হয়। পয়ঃশোধনাগারের আওতায় ১টি SLS, ১টি Inlet Pumping Station, ৮টি SST, ৪টি AAO Tank, ৪টি PST, ২টি Sludge Pump Station, ১টি Sludge Storage Tank, ১টি Sludge Thickening & Dewatering Building, ২টি Sludge Cake Storage Tank, ১টি Sludge Drying & Incineration Plant (SDIP) ইত্যাদি বিদ্যমান রয়েছে। পয়ঃ লিফটিং স্টেশনটি হাতিরঝিলের পূর্ব অংশে রামপুরা-বাড্ডা সড়ক সংলগ্ন। পয়ঃ লিফটিং স্টেশনের Nameplateটি Acrylic sheet এর হওয়ায় রোদ বৃষ্টিতে তা নষ্ট হয়ে গিয়েছে। বর্তমানে পয়ঃ লিফটিং স্টেশনের জন্য ১টি Digital Nameplate ও ঢাকা ওয়াসার বিভিন্ন ধরনের জনসচেতনতামূলক স্লোগান প্রচারের জন্য পয়ঃ লিফটিং স্টেশনের পূর্ব পার্শ্বে LED Moving Display স্থাপন করা প্রয়োজন। অন্যদিকে আলোচ্য পয়ঃশোধনাগারটি বাংলাদেশে প্রথম হওয়ায় বিভিন্ন দেশী-বিদেশী সংস্থার কর্মকর্তাগণসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ প্রায়শই পয়ঃশোধনাগার পরিদর্শনে আসে। পয়ঃশোধনাগার সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের তথ্য ভিত্তিক ভিডিও, স্থিরচিত্র, প্রসেস ডায়াগ্রাম সর্বপরি পয়ঃশোধনাগারটি সম্পূর্ণ ডিজিটাইজেশনের লক্ষ্যে অফিস বিল্ডিংয়ের সামনে ১টি LED Video Display TV স্থাপন করা প্রয়োজন। সেলক্ষ্যে ১টি Specification প্রস্তুত করা হয়েছে এবং সে অনুযায়ী স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণের মাধ্যমে একক দর সংগ্রহ করা হয়েছে (ক্রমিক নং- ২, ৩, ৪, ৫ ও ৬ দ্রঃ)। সংগৃহীত কোটেশনের ভিত্তিতে একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং- ৭ দ্রঃ)। তুলনামূলক বিবরণী হতে সর্বনিম্ন দরের আলোকে বর্ণিত মালামাল ক্রয়ের লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৮ দ্রঃ)। প্রাক্কলিত মোট মূল্য ২৪,৯৯,৯০০.০০ (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত টাকা) মাত্র। উল্লেখ্য, আলোচ্য কাজের ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Water & Sewage Treatment Plant (O&M) (01-04-011) খাত হতে এবং অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৮৭ হতে নির্বাহ করা হবে।

০৩। আলোচ্য “Supply and Installation for Station Details Nameplate of DasherKandi STP” শীর্ষক কাজটি CPTU প্রণীত Standard Tender Document (STD) e-PG2 অনুসরণে e-GP তে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র আহবানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে।









০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের পয়ঃ লিফটিং স্টেশন, SDIP ও অফিস বিল্ডিং এর সামনে LED Moving Display ও ১টি LED Video Display TV স্থাপনের লক্ষ্যে "Supply and Installation for Station Details Nameplate of Dasherkanadi STP" শীর্ষক কাজটি e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) -তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG2 অনুসরণে সম্পাদনের নিমিত্তে মোট ২৪,৯৯,৯০০.০০ (চব্বিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত টাকা) মাত্রের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।



08.05.25


মোঃ ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


08.05.2025


মোঃ হাবিবুর রহমান রানি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।





08/05/2025
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।


08/05/25

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃশোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


08/05/25

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্ধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা


08/05/25